# বাংলাদেশ নির্বাচন কমিশন
## উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়
মির্জাপুর, টাঙ্গাইল।

## **বিজ্ঞপ্তি**

ভোটার তালিকা ডাটাবেইজে অন্তর্ভুক্ত ৩১ অক্টোবর ২০০৭ তারিখ পর্যন্ত যাদের জন্ম এমন নিবন্ধিত নাগরিককে চূড়ান্ত ভোটার তালিকায় অন্তর্ভুক্তকরণের লক্ষ্যে ভোটার তালিকা আইন, ২০০৯ এর ধারা ৭(১) এবং ভোটার তালিকা বিধিমালা ২০১২ এর বিধি ১৪(১) অনুসারে আমি শাহানাজ আক্তার, উপজেলা নির্বাচন অফিসার এবং রেজিস্ট্রেশন অফিসার, মির্জাপুর, টাঙ্গাইল এতদ্বারা টাঙ্গাইল জেলার মির্জাপুর উপজেলার মির্জাপুর পৌরসভাসহ ১৪টি ইউনিয়ন (মহেড়া, জামুর্কী, ফতেপুর, বানাইল, আনাইতারা, উয়ার্শী, ভাতগ্রাম, ভাওড়া, বহুরিয়া, গোড়াই, লতিফপুর, আজগানা, তরফপুর ও বাঁশতৈল) এর সকল ওয়ার্ডের ভোটার এলাকাসমূহের হালনাগাদকৃত ২০২৫ এর খসড়া ভোটার তালিকা জনসাধারণের অবগতির জন্য প্রকাশ করিতেছি।

২। ভোটার তালিকা বিধিমালা, ২০১২ এর বিধি ১৪ হতে ২৫ অনুসরণপূর্বক হালনাগাদকৃত খসড়া ভোটার তালিকা প্রকাশ থেকে শুরু করিয়া চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের জন্য নির্বাচন কমিশন নিম্নোক্ত সময়সূচী নির্ধারণ করিয়াছেন।

৩। উক্ত ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্তির দাবী অথবা অন্তর্ভুক্তির বিরুদ্ধে আপত্তি অথবা অন্তর্ভুক্তির বিষয় সম্পর্কে সংশোধনী দরখাস্ত অত্র বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে ১৬ নভেম্বর ২০২৫ খ্রিঃ তারিখের মধ্যে সংশোধণকারী কর্তৃপক্ষ (সিনিয়র জেলা নির্বাচন অফিসার, টাঙ্গাইল) অথবা নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে ব্যক্তিগতভাবে দাখিল করিতে হইবে।

| ক্রম | বিবরণ | | প্রস্তাবিত সময়সূচী |
|---|---|---|---|
| ১ | হালনাগাদকৃত খসড়া ভোটার তালিকা প্রকাশ | : | ০১ নভেম্বর ২০২৫ |
| ২ | দাবি, আপত্তি ও সংশোধনের জন্য আবেদন দাখিলের শেষ তারিখ | : | ১৬ নভেম্বর ২০২৫ |
| ৩ | সংশোধনকারী কর্তৃপক্ষ কর্তৃক দাবি, আপত্তি ও সংশোধনীর জন্য দাখিলকৃত আবেদনসমূহের নিষ্পত্তির শেষ তারিখ | : | ১৭ নভেম্বর ২০২৫ |
| ৪ | দাবি, আপত্তি ও সংশোধনকারীর জন্য দাখিলকৃত আবেদনের উপর গৃহীত সিদ্ধান্ত সন্নিবেশনের শেষ তারিখ | : | |
| ৫ | হালনাগাদকৃত চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ | : | ১৮ নভেম্বর ২০২৫ |

বিঃদ্রঃ অফিস চলাকালীন আমার কার্যালয়ে অথবা প্রকাশিত স্থান সমূহে খসড়া ভোটার তালিকা দেখা যাইবে।

স্থানঃ উপজেলা নির্বাচন অফিসার এবং রেজিস্ট্রেশন অফিসারের কার্যালয়, মির্জাপুর, টাঙ্গাইল।

তারিখঃ ০১ নভেম্বর ২০২৫খ্রিঃ

01/11/25

(শাহানাজ আক্তার)
উপজেলা নির্বাচন অফিসার
মির্জাপুর, টাঙ্গাইল
এবং
রেজিস্ট্রেশন অফিসার
ফোনঃ ০২৯৯৭৭৫৬০০৯

পত্র নং- ১৭.০৯.৯৩৬৬.০০০.৩২.০৫৩.২১-৭৩২

তারিখঃ ০১ নভেম্বর ২০২৫ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
২। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
৩। জেলা প্রশাসক, টাঙ্গাইল।
৪। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
৫। সিনিয়র জেলা নির্বাচন অফিসার, টাঙ্গাইল।
৬। উপজেলা নির্বাহী অফিসার, মির্জাপুর, টাঙ্গাইল।
৭। প্রশাসক/চেয়ারম্যান/সচিব..........................................পৌরসভা/ইউনিয়ন (সকল), মির্জাপুর, টাঙ্গাইল [বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো]।
৮। নোটিশ বোর্ড, অত্র কার্যালয়।
৯। অফিস নথি।

01/11/25

(শাহানাজ আক্তার)
উপজেলা নির্বাচন অফিসার
মির্জাপুর, টাঙ্গাইল
এবং
রেজিস্ট্রেশন অফিসার

বাংলাদেশ নির্বাচন কমিশন
উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়
মির্জাপুর, টাঙ্গাইল।

## খসড়া ভোটার তালিকা প্রকাশের প্রত্যয়নপত্র

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, আমি শাহানাজ আক্তার, উপজেলা নির্বাচন অফিসার, মির্জাপুর, টাঙ্গাইল ও রেজিস্ট্রেশন অফিসার এতদ্বারা টাঙ্গাইল জেলার মির্জাপুর উপজেলার মির্জাপুর পৌরসভা সহ ১৪টি ইউনিয়ন (মহেড়া, জামুর্কী, ফতেপুর, বানাইল, আনাইতারা, উয়ার্শী, ভাতগ্রাম, ভাওড়া, বহরিয়া, গোড়াই, লতিফপুর, আজগানা, তরফপুর ও বাঁশতৈল) এর সকল ওয়ার্ডের ভোটার এলাকাসমূহের খসড়া ভোটার তালিকা নির্বাচন কমিশন সচিবালয়ের নির্দেশনা এবং ভোটার তালিকা আইন, ২০০৯ এর ধারা ৭(১) এবং ভোটার তালিকা বিধিমালা, ২০১২ এর ধারা ১৪(১) মোতাবেক ০১ নভেম্বর ২০২৫খ্রিঃ তারিখ যথাযথভাবে প্রকাশ করা হয়েছে।

০১/১১/২৫

(শাহানাজ আক্তার)
উপজেলা নির্বাচন অফিসার
মির্জাপুর, টাঙ্গাইল
এবং
রেজিস্ট্রেশন অফিসার
ফোনঃ ০২৯৯৭৭৫৬০০৯

বাংলাদেশ নির্বাচন কমিশন
উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়
মির্জাপুর, টাঙ্গাইল।
www.ecs.gov.bd

স্মারক নং ১৭.০৯.৯৩৬৬.০০০.৩২.০৬৪.২২-৭৩৩ তারিখঃ ০১ নভেম্বর ২০২৫খ্রিঃ

**বিষয়ঃ ছবিসহ খসড়া ভোটার তালিকা প্রেরণ সংক্রান্ত।**

সূত্রঃ ১৭.০০.০০০০.০২৬.৩২.০২৪.২২-২৩১, তারিখঃ ১৭ সেপ্টেম্বর ২০২৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, টাঙ্গাইল জেলাধীন মির্জাপুর উপজেলার মির্জাপুর পৌরসভা ও ১৪টি ইউনিয়নের হালনাগাদকৃত খসড়া ভোটার তালিকা পুরুষ ও মহিলা পৃথকভাবে ০১(এক) সেট এতদসঙ্গে প্রেরণ করা হলো। প্রেরিত ভোটার তালিকা অফিস চলাকালীন সময়ে ভোটার তালিকা বিধিমালা ২০১২ এর বিধি ১৫ অনুযায়ী ০১ নভেম্বর ২০২৫ তারিখ হইতে ১৬ নভেম্বর ২০২৫ খ্রিঃ তারিখ পর্যন্ত এলাকার জনসাধারণের প্রদর্শনের জন্য উন্মুক্ত রাখিতে হইবে। এছাড়া খসড়া ভোটার তালিকা সংশোধনকারী কর্তৃপক্ষের কার্যালয় (সিনিয়র জেলা নির্বাচন অফিসারের কার্যালয়, টাঙ্গাইল) ও নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে অফিস চলাকালীন সময়ে পরিদর্শন করা যাইবে। খসড়া ভোটার তালিকার বিষয়ে কোন দাবি, আপত্তি, সংশোধনী থাকিলে তা সংশোধনের জন্য ১৬ নভেম্বর ২০২৫খ্রিঃ তারিখের মধ্যে সংশোধনকারী কর্তৃপক্ষ অথবা নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে আবেদন করা যাইবে।

উল্লেখ্য যে, খসড়া ভোটার তালিকা যথাযথ নিরাপদে সংরক্ষণ করিতে হইবে এবং কোন অবস্থাতেই খসড়া ভোটার তালিকা ফটোকপি কিংবা অন্য কোন পদ্ধতিতে কপি করা যাইবে না। আগামী ১৭ নভেম্বর ২০২৫ খ্রিঃ তারিখে প্রেরিত খসড়া ভোটার তালিকা নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে অবিকৃত অবস্থায় ফেরত প্রদানের জন্য অনুরোধ করা হইলো।

সংযুক্তঃ ১। সংশ্লিষ্ট পৌরসভা/ইউনিয়নের খসড়া ভোটার তালিকা পুরুষ ও মহিলা ০১(এক) সেট।
২। বিজ্ঞপ্তি ০১(এক) কপি।

০১/১১/২৫

(শাহানাজ আক্তার)
উপজেলা নির্বাচন অফিসার
মির্জাপুর, টাঙ্গাইল
ও
রেজিস্ট্রেশন অফিসার

প্রাপকঃ ১। প্রশাসক/সচিব, মির্জাপুর পৌরসভা, মির্জাপুর, টাঙ্গাইল।
২। চেয়ারম্যান/সচিব (সকল) ইউনিয়ন পরিষদ, মির্জাপুর, টাঙ্গাইল।

স্মারক নং ১৭.০৯.৯৩৬৬.০০০.৩২.০৬৪.২২-৭৩৩ তারিখঃ ০১ নভেম্বর ২০২৫খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
২। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
৪। সিনিয়র জেলা নির্বাচন অফিসার, টাঙ্গাইল।
৫। উপজেলা নির্বাহী অফিসার, মির্জাপুর, টাঙ্গাইল।
৬। অফিস কপি।

(শাহানাজ আক্তার)
উপজেলা নির্বাচন অফিসার
মির্জাপুর, টাঙ্গাইল
ও
রেজিস্ট্রেশন অফিসার